

যক্ষ্মা (TB)-র পর্যবেক্ষণের জন্য বুকের এক্স-রে

Chest x-ray monitoring for tuberculosis (TB)

Bengali

বুকের এক্স-রে পর্যবেক্ষণ কী এবং কেন আমার এটি প্রয়োজন?

আপনার ডাক্তার আপনাকে যক্ষ্মা (TB) পর্যবেক্ষণের জন্য নিয়মিত বুকের এক্স-রে করতে বলতে পারেন। এই এক্স-রে আপনার ফুসফুসে কোনও পরিবর্তন সনাক্ত করতে সহায়তা করে।

বুকের এক্স-রে ব্যবহার করা হয়:

- TB সংক্রমণ TB রোগে পরিবর্তিত হয়েছে কিনা তা দেখতে।
- ওষুধ খাওয়ার সাথে সাথে TB রোগ ভালো হচ্ছে কিনা তা পরীক্ষা করে দেখতে।

এক্স-রে কি ক্ষতিকারক?

এক্স-রে অল্প পরিমাণে বিকিরণ ব্যবহার করে। এক্স-রেতে বিকিরণের পরিমাণ একটি দীর্ঘ বিমান যাত্রার সাথে তুলনীয়। এমনকি আপনি অনেকগুলো এক্স-রে করলেও এই পরিমাণ বিকিরণ নিরাপদ হিসাবে বিবেচিত হয়।

এক্স-রে করার আগে ডাক্তারের কাছে সম্ভাব্য গর্ভাবস্থা প্রকাশ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এক্স-রে করার জন্য আপনার শিশুর জন্ম পর্যন্ত অপেক্ষা করা উচিত কিনা তা ডাক্তার আপনার সাথে আলোচনা করবেন। আপনার অনাগত সন্তানকে সুরক্ষিত রাখার জন্য, গর্ভাবস্থায় আপনার এক্স-রে করার প্রয়োজন হলে আমরা আপনাকে একটি প্রতিরক্ষামূলক লিড এপ্রোন পরতে বলব।

বুকের দুধ খাওয়ানো মায়েরা দুধ বা শিশুর ঝুঁকি ছাড়াই নিরাপদে তাদের শিশুকে খাওয়াতে পারেন।

বুকের এক্স-রে করার সময় কী হয়?

একজন রেডিওগ্রাফার আপনার এক্স-রে করবেন। এক্স-রে নেওয়ার আগে রেডিওগ্রাফার আপনাকে গহনা খুলে ফেলতে বা রোগীর গাউন পরতে বলতে পারেন। এক্স-রে রুমে আপনি যদি কোনও সহায়ক ব্যক্তি রাখতে চান তবে অনুগ্রহ করে রেডিওগ্রাফারকে বলুন।

এক্স-রে করতে মাত্র কয়েক সেকেন্ড সময় লাগে। এক্স-রে নেওয়ার সময়, আপনাকে গভীর নিঃশ্বাস নিতে এবং স্থির থাকতে বলা হবে।

যদি আপনি কোনও TB ক্লিনিক বা বক্ষব্যধি ক্লিনিকে যান তবে আপনার শেষ বুকের এক্স-রে কখন এবং কোথায় হয়েছিল তা তাদেরকে জানান।

এক্স-রের ছবি আপনার ডাক্তারের কাছে প্রেরণ করা হবে। আপনার ফুসফুসের পরিবর্তনগুলো দেখতে ডাক্তার এই ছবিটি আপনার আগের বুকের এক্স-রেগুলোর সাথে তুলনা করবেন। এতে কিছু সময় লাগতে পারে। আপনার ফুসফুসে কোনও পরিবর্তন হলে এবং আপনার যদি আবার ডাক্তারের সাথে দেখা করার প্রয়োজন হয়, তবে ক্লিনিক আপনার সাথে যোগাযোগ করবে।

কতদিন পর্যন্ত আমার বুকের এক্স-রে পর্যবেক্ষণের প্রয়োজন হবে?

বেশিরভাগ লোকের প্রতি ৬-১২ মাসে বুকের এক্স-রে করা হয়। যদি ২-৩ বছরেরও বেশি সময় ধরে আপনার এক্স-রেতে কোনও পরিবর্তন লক্ষ্য করা না যায়, তবে আপনার ডাক্তার সিদ্ধান্ত নিতে পারেন যে আপনার আর বুকের এক্স-রে পর্যবেক্ষণের প্রয়োজন নেই। আপনার যদি প্রশ্ন বা উদ্বেগ থাকে তবে অনুগ্রহ করে সেগুলো আপনার ডাক্তারের সাথে আলোচনা করুন।

আরও তথ্য

TB সম্পর্কে আরও তথ্যের জন্য, দেখুন health.nsw.gov.au/tb

আপনার ভাষায় বিনামূল্যে সহায়তার জন্য, 13 14 50 নম্বরে অনুবাদ এবং দোভাষী পরিষেবায় (TIS) কল করুন।